

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৪.৩২.৩৮৮.২৪- ০৭  
খ্রি:

তারিখ: ৩০/১২/২০২৪

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ আইবাস++ এর মাধ্যমে ইএফটি-তে প্রেরণের লক্ষ্যে তথ্য প্রদান ও যাচাই সংক্রান্ত।**


সূত্র: ১। ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০১.২৪-১৯২, তারিখ: ১১-০৮-২০২৪ খ্রি:  
২। ৩৭.০২.০০০০.১১৪.৩২.৩৮৮.২৪-৬৬, তারিখ: ০১/১২/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল ও কলেজ) এমপিওভুক্ত জনবল রয়েছে তাদের এমপিও এর অর্থ আইবাস++ এর মাধ্যমে ইএফটি-তে প্রেরণের জন্য এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের তথ্য প্রদানের জন্য প্রতিষ্ঠান প্রধানদের সময়সীমা ০৫/১২/২০২৪ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিলো।

কিন্তু কিছু প্রতিষ্ঠান এখনো তাদের তথ্য প্রদান করেননি। যে সকল প্রতিষ্ঠান বরখাস্তকৃত জনবল, প্রতিষ্ঠানে অননুমোদিত অনুপস্থিত জনবল বা পূর্বে প্রদত্ত পঁচটি অপশনের (কর্মরত, মৃত, পদত্যাগকৃত, অস্বীকৃত নাই বা জাতীয়করণকৃত) মধ্যে কোনো অপশনের সাথেই সামঞ্জস্যপূর্ণ নয় এমন জনবলের তথ্য প্রদানের জন্য নতুন একটি অপশন “স্থগিত/ সাময়িক স্থগিত” সংযোজন করা হয়েছে।

সুতরাং যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) তথ্য এখনো প্রদান করা হয়নি তাদেরকে আগামি ১১/১২/২০২৪ তারিখের মধ্যে তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অনলাইনে প্রেরিত তথ্য এবং দাখিলকৃত হার্ডকপি ডকুমেন্ট যাচাই করে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (স্কুলের ক্ষেত্রে) এবং আঞ্চলিক পরিচালক (কলেজের ক্ষেত্রে)-গণ পরবর্তী কার্যক্রমের জন্য ১২/১২/২০২৪খ্রি: এর মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন।

  
৩০/১২/২৪

(প্রফেসর মো: মোজাককার হোসেন চৌধুরী)  
পরিচালক (অর্থ ও ক্রয়)

**বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ৩। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৪। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ৫। অধ্যক্ষ, (এমপিওভুক্ত জনবল সম্বলিত সকল কলেজ);
- ৬। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা);
- ৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল উপজেলা/থানা)
- ৮। প্রধান শিক্ষক (এমপিওভুক্ত জনবল সম্বলিত সকল স্কুল);
- ৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১০। সংরক্ষণ নথি।